



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা -১ শাখা  
www.lgd.gov.bd



নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.০৮.০৩৬.১৭.৫

তারিখ: ২৬ পৌষ ১৪২৮

১০ জানুয়ারি ২০২২

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর নামের পার্শ্বে উল্লিখিত দেশ ও সময়ে স্ব-অর্থায়নে ভ্রমণের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হলো:

ক্র নং	নাম, পদবি ও ঠিকানা	প্রস্থাবিত দেশের নাম	ভ্রমণের সম্ভাব্য তারিখ	ব্যয়ভার	ভ্রমণের উদ্দেশ্য
১	২	৩	৪	৫	৬
০১	জনাব মোহাম্মদ আবুল হোসেন চেয়ারম্যান উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সৌদি আরব	১০ জানুয়ারি ২০২২ থেকে ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিন।	স্ব- অর্থায়নে	ওমরা হজ পালনের জন্য

শর্তাবলী:

- এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে সরকার বা সংশ্লিষ্ট উপজেলা পরিষদের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ভ্রমণ শেষে দেশে ফিরে যথারীতি সরকারকে অবহিত করবেন।
- ছুটিকালীন বিধি মোতাবেক প্রাপ্য সম্মানীভাতা বৈদেশিক মুদ্রায় আহরণ করতে পারবেন না।
- বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর ছুটিকালীন সময়ে সংশ্লিষ্ট উপজেলা পরিষদের প্যানেল অনুযায়ী ভাইস চেয়ারম্যানদের প্যানেল থেকে ০১ নং কে অস্থায়ীভাবে উপজেলা পরিষদ চেয়ারম্যানের দায়িত্ব পালনের ক্ষমতা প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০-১-২০২২

মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
- ৫) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬) নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা বিনিময়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ৮) জেলা প্রশাসক, জামালপুর।
- ৯) উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
- ১০) জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ১২) উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ১৩) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

১০-১-২০২২

মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব